

Times Today BD

জেলার খবর | 26 March, 2025

শরীয়তপুরের ভেদরগঞ্জে নিজের ঘর থেকে এক নারীর গলা কাটা লাশ উদ্ধার করা হয়েছে। মঙ্গলবার (২৫ মার্চ) রাত সাড়ে ৯ টার দিকে উপজেলার ছয়গাঁও ইউনিয়নের বাড়িজঙ্গল গ্রামে এ ঘটনা ঘটে।

নিহত মুক্তা বেগম (৫৫) বাড়িজঙ্গল গ্রামের মান্নান গাজীর স্ত্রী।

স্থানীয় ও পুলিশ সূত্রে জানা যায়, তারাবির নামাজ আদায়ের উদ্দেশ্যে স্ত্রী মুক্তা বেগমকে ঘরে রেখে মসজিদে গিয়েছিলেন স্বামী মান্নান গাজী। যাওয়ার সময় তিনি বাইরে থেকে ঘরের প্রধান ফটক আটকিয়ে গিয়েছিলেন। নামাজ শেষে ঘরের প্রধান ফটক খুলে ভেতরে প্রবেশ করতেই মান্নান গাজী দেখতে পান তার স্ত্রী মুক্তা বেগমের গলাকাটা মরদেহ খাটের ওপর পড়ে রয়েছে। এ ঘটনা এলাকায় জানাজানি হলে স্থানীয় মসজিদে মাইকিং করা হয়, এলাকায় ডাকাত পড়েছে। এতে এলাকার সাধারণ মানুষের মনে ভীতি সৃষ্টি হয়েছে। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছেছে ভেদরগঞ্জ থানা পুলিশ।

বিষয়টি নিয়ে সাজ্জাদ হোসেন নামে স্থানীয় একজন বলেন, মসজিদের মাইকের মাধ্যমে খবর পেয়ে ঘটনাস্থলের কাছাকাছি গিয়েছিলাম। কিন্তু ততক্ষণে পুলিশ পুরো এলাকা ঘিরে ফেলেছে। শুনতে পেয়েছি, মান্নান গাজী তার স্ত্রীকে ঘরে রেখে নামাজে গিয়েছিলেন, এসে দেখতে পান তার স্ত্রীর গলাকাটা নিখর মরদেহ। মান্নান গাজীর এক ছেলে প্রবাসী।

বিষয়টি নিয়ে ভেদরগঞ্জ থানা পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) পারভেজ হাসান সেলিম বলেন, ঘটনাস্থলে এক নারীর গলাকাটা মরদেহ পাওয়া গেছে। ঘটনাস্থলে পুলিশ সদস্যরা কাজ করছেন। পুলিশের অন্যান্য ইউনিট আসতেছেন। এলাকায় যে ডাকাতির ঘটনা বলে প্রচারণা চলছে, সেটা এখনও আমরা নিশ্চিত নই। মরদেহ উদ্ধারসহ প্রাথমিক তদন্ত শেষে ঘটনার সারমর্ম বলা যাবে।

স্ত্রী নামাজ গলাকাটা মরদেহ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 June, 2025 08:59

URL: <https://timestodaybd.com/countrywide/51539028>